



রেজিস্ট্রারের কার্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web: <https://bu.ac.bd>, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪২৭৪

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির নোটিস


GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমাদানের মাধ্যমে প্রাথমিক ভর্তি নিশ্চিতকরণপূর্বক যারা বরিশাল বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত হয়েছে (১ম থেকে ৪র্থ তালিকা পর্যন্ত) তাদেরকে আগামী ০৬/১০/২০২৪ থেকে ০৮/১০/২০২৪ তারিখের মধ্যে নিম্নের নির্দেশনা অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই সময়সীমার মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রয়োজনীয় নির্দেশনা:

- ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সংমিলিত মূল প্রবেশপত্র ও যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে (১ম ও ২য় প্রাথমিক তালিকায়) প্রাথমিকভাবে ভর্তিকৃত তারা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের রশিদ দেখিয়ে এবং যেসকল শিক্ষার্থী ইতোপূর্বে (৩য় ও ৪র্থ প্রাথমিক তালিকায়) প্রাথমিকভাবে ভর্তিকৃত কিন্তু মূল ট্রান্সক্রিপ্টদ্বয় কোন GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে জমাদান করেনি সেসকল শিক্ষার্থী মূল ট্রান্সক্রিপ্টদ্বয় প্রদর্শন করে ডিন অফিস থেকে ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদের ফটোকপি এবং চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপিসহ ফরমের যথাস্থানে এক কপি সাম্প্রতিক তোলা রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-স্লিপ সংশ্লিষ্ট ডিন অফিসে জমা দিতে হবে।
- ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূলকপি ও এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অথবা GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানের মূল রশিদসহ সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের নিকট উপস্থিত হতে হবে।
- যারা অন্য বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিত করেছে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহ তাদের কাছে সংরক্ষিত ট্রান্সক্রিপ্ট হস্তান্তর শুরু করলে হস্তান্তর শুরুর ১০ (দশ) দিনের মধ্যে উক্ত মূল ট্রান্সক্রিপ্ট সংগ্রহপূর্বক বরিশাল বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে জমাদান করতে হবে। বিভাগে উক্ত সময়ের মধ্যে মূল ট্রান্সক্রিপ্ট জমাদানে ব্যর্থ হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- বিভাগ কর্তৃক কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।
- ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার একশত পঞ্চাশ) টাকা থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাথমিক ভর্তি নিশ্চয়নে পরিশোধিত হয়েছে বিধায় অবশিষ্ট ১০,১৫০/- (দশ হাজার একশত পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে। ব্যাংকে ভর্তি ফি সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত জমাদান করা যাবে।
- বিভাগ উন্নয়ন ফি এবং ল্যাব ফি বিভাগ কর্তৃক নির্দেশিত সময়ে বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

বি. দ্র. ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষ ১ম সেমিস্টার ক্লাস কার্যক্রম ২১ অক্টোবর ২০২৪ তারিখে শুরু হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-


২০২৪
মো. মনিরুল ইসলাম

সদস্য-সচিব

মূল ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

ও


রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২৩-২০২৪/৬২১/৪২৭৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
- ৫। সমন্বয়কবৃন্দ 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নথি/মহানথি।


২০২৪

মোঃ মিলন
ডেপুটি রেজিস্ট্রার